

Queen Margrethe II of Denmark Welcomes Prime Minister

May 03, 2022

প্রধানমন্ত্রীকে স্বাগত জানালেন ডেনমার্কের রানী দ্বিতীয় মার্গ্রেথ

ডেনমার্কের রানী দ্বিতীয় মার্গ্রেথ আজ কোপেনহাগেনের ঐতিহাসিক আমালিয়েনবার্গ প্রাসাদে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানিয়েছেন।

প্রধানমন্ত্রী ডেনমার্কের রাজ সিংহাসনে বসার সুবর্ণ জয়ন্তী পূর্তি উপলক্ষে রানীকে অভিনন্দন জানান।

সাম্প্রতিক বছরগুলিতে ভারত-ডেনমার্ক সম্পর্ক কিভাবে আরও নিবিড় হয়েছে, বিশেষত পরিবেশরক্ষা সংক্রান্ত কৌশলগত অংশীদারিত্বে দু'দেশ কিভাবে আরও কাছাকাছি এসেছে, সে সম্পর্কে প্রধানমন্ত্রী রানীকে অবহিত করেন। সমাজসেবায় ডেনমার্কের রাজ পরিবারের ভূমিকার প্রশংসা করেন তিনি।

ডেনমার্কের তিনি যে উষ্ণ অভ্যর্থনা ও আতিথেয়তা পেয়েছেন, সেজন্য প্রধানমন্ত্রী রানীকে ধন্যবাদ জানান।

কোপেনহাগেন

মে 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.